



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
সরকারি মাধ্যমিক শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০.৯৬৮

তারিখ: ২ কার্তিক ১৪২৭

১৮ অক্টোবর ২০২০

বিষয়: বিদ্যালয়ের খতিয়ানভুক্ত জমি সংক্রান্ত মামলায় আইনী সহায়তার সার্বিক নির্দেশসহ মামলার ব্যয়ভার সহায়তা।

সূত্র: প্রধান শিক্ষকের স্মারক নং পোপামউবি/কাউ/রাঙ্গা-৪০/২০, তারিখ: ২১.০৯.২০২০খি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বিজ্ঞ মোকাম যুগ্ম জেলা জজ আদালত, রাঙ্গামাটি যার মামলা নং ২৬০/২০ তে প্রধান শিক্ষক, পোয়াপাড়া সরকারি মডেল উচ্চ বিদ্যালয়, কাউখালী, রাঙ্গামাটিকে বিবাদী করে দেওয়ানী মোকদ্দমা চলমান আছে। উক্ত মোকদ্দমায় কারণ দর্শানোর নোটিশ ইস্যু করা হয়। প্রতিষ্ঠানটি সরকারি প্রতিষ্ঠান হওয়ায় এবং প্রতিষ্ঠানের স্থাবর সম্পত্তি নিয়ে মোকদ্দমা চলমান থাকায় বর্ণিত মোকদ্দমা বিদ্যালয়/সরকারের পক্ষে পরিচালনা, আদালতের সরকারি কৌশলীর সাথে যোগাযোগ, স্থানীয় ও জেলা ভূমি অফিসে যোগাযোগ, জেলা শিক্ষা অফিসারের সাথে যোগাযোগ, সরকারি সিভিল সিনিয়র আইনজীবী নিয়োগ, সংশ্লিষ্ট আদালতে সময়মতো জবাব দাখিল, নিম্ন আদালতের আদেশ/রায়ের বিরুদ্ধে আপিল এবং আইনের সর্বশেষ ধাপ পর্যন্ত যাওয়ার ও সরকারি সম্পত্তি রক্ষার্থে আইনসম্মত সকল কাজ করার জন্য প্রতিষ্ঠান প্রধানকে নির্দেশসহ উক্ত মামলা পরিচালনা ও আইনী সহায়তার জন্য বেসরকারি সিভিল সিনিয়র আইনজীবী নিয়োগ ও তার ব্যয়ভার নির্বাহের জন্য প্রতিষ্ঠানের বেসরকারি তহবিল হতে ব্যয় করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৮-১০-২০২০

মোঃ আমিনুল ইসলাম টুকু

সহকারী পরিচালক-১

প্রধান শিক্ষক, পোয়াপাড়া সরকারি মডেল উচ্চ বিদ্যালয়,  
কাউখালী, রাঙ্গামাটি।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০.৯৬৮/১(৬)

তারিখ: ২ কার্তিক ১৪২৭

১৮ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) জেলা প্রশাসক, রাঙ্গামাটি।
- ২) উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, কাউখালী, রাঙ্গামাটি।
- ৪) জেলা শিক্ষা অফিসার, রাঙ্গামাটি।
- ৫) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাউখালী, রাঙ্গামাটি।
- ৬) সংরক্ষণ নথি।



১৮-১০-২০২০

মোঃ আমিনুল ইসলাম টুকু

সহকারী পরিচালক-১